# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
(Website: www.bteb.gov.bd)

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৫.২৬-১০৬ তারিখ: ১৯ আগস্ট ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জুনিয়র সেকেন্ডারি (ভোকেশনাল)-৪৭ ও জুনিয়র দাখিল (ভোকেশনাল)-৪৮ শিক্ষাক্রমের ২০২৪ শিক্ষাবর্ষে (বর্তমানে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত) ও ২০২৫ শিক্ষাবর্ষে (বর্তমানে ৭ম শ্রেণিতে অধ্যয়নরত) ও ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুযায়ী রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের যোগ্যতা:** কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে প্রাথমিক শিক্ষা সমাপনী/ইবতেদায়ী শিক্ষা সমাপনী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী জেএস (ভোকেশনাল) ও জেডি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ৬ষ্ঠ শ্রেণিতে রেজিস্ট্রেশন করা যাবে।

উল্লেখ্য, ২০২৪ শিক্ষাবর্ষে (বর্তমানে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত) ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৩ খ্রি. তারিখে ৯-১৫ বছর, ২০২৫ শিক্ষাবর্ষে (বর্তমানে ৭ম শ্রেণিতে অধ্যয়নরত) ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৪ খ্রি. তারিখে ৯-১৫ বছর হতে হবে এবং ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৫ খ্রি. তারিখে ৯-১৫ বছর হতে হবে। তবে ২য় শিফট ও বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বয়সের উর্ধ্ব সীমা শিথিলযোগ্য।

**ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি):** রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, স্কাউট/গার্লস গাইড ফি ৪০.০০ এবং রেড ক্রিসেন্ট ফি ৮.০০ টাকাসহ সর্বমোট ৯৮.০০ (আটানব্বই) টাকা হারে একত্রে প্রতিষ্ঠান প্রতি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে।

০১. অনলাইনে ডাটা এন্ট্রির সময়সূচি: **২৩-০৮-২০২৬ খ্রি. হতে ২৫-০৮-২০২৬ খ্রি. পর্যন্ত।**
০২. পেমেন্ট ও রেজিস্ট্রেশনের সময়সূচি: **২৩-০৮-২০২৬ খ্রি. হতে ২৫-০৮-২০২৬ খ্রি. পর্যন্ত।**
০৩. রেজিস্ট্রেশন কার্ড ও ফাইনাল লিস্ট (হার্ড কপি) প্রিন্টের সময়সূচি: **২৭-০৮-২০২৬ খ্রি. হতে ৩১-০৮-২০২৬ খ্রি. পর্যন্ত।**
০৪. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা প্রতিষ্ঠানে রক্ষিত ভর্তি ফরম ও জন্ম নিবন্ধন সনদের সাথে মিলিয়ে তথ্য সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা যথাযথভাবে নিশ্চিত হয়ে ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোনোভাবেই শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।
০৫. প্রতি শিফটে শিক্ষার্থী সংখ্যা ড্রপ আউটসহ ৬০ জন।
০৬. প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত পরিশোধ থাকতে হবে।
০৭. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
০৮. **ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd⇨ই-সেবা⇨প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd⇨প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।**

২১/০৮/২০২৬
**(মোঃ আল মাসুদ করিম)**
সচিব (উপসচিব)
ফোন: ০২-৫৫০০৬৫২২
ই-মেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৫.২৬-১০৫(১০) তারিখ: ১৯ আগস্ট ২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১-৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

২১.০৮.২৬
**(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)**
উপসচিব (রেজিস্ট্রেশন)
ফোন (অফিস): ০২-৫৫০০৬৫৩৬